

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd

স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.০০২.১৪.০০২৫.২৩.১৬

তারিখ: ১২/০১/২০২৬ ইং

গণশুনানির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “পিরোজপুর জেলার তিনটি উপজেলার (পিরোজপুর সদর, নেছারাবাদ ও নাজিরপুর উপজেলা) উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন (১ম সংশোধিত)” প্রকল্পের আওতায় পিরোজপুর সদর, নেছারাবাদ ও নাজিরপুর উপজেলার টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত খসড়া “স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান, রুরাল এরিয়া প্ল্যান এবং একশন এরিয়া প্ল্যান” পিরোজপুর সদর, নেছারাবাদ ও নাজিরপুর উপজেলায় ১৪ জানুয়ারি, ২০২৬ থেকে মাসব্যাপী সকলের মতামতের জন্য উন্মুক্ত করা হয়েছে। উক্ত খসড়া “স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান, রুরাল এরিয়া প্ল্যান এবং একশন এরিয়া প্ল্যান” এর উপর গণশুনানিতে অংশগ্রহণ করে লিখিত মতামত প্রদানের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, প্রকল্পের ওয়েব পোর্টালে (www.p3udpudd.gov.bd/public_hearing) প্রবেশ করে খসড়া “স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান, রুরাল এরিয়া প্ল্যান এবং একশন এরিয়া প্ল্যান” এর উপর QR কোড স্ক্যানের মাধ্যমে ওয়েব পোর্টালের নির্দিষ্ট লিংকে মতামত প্রদান করা যাবে।

একই সাথে পিরোজপুর সদর, নেছারাবাদ ও নাজিরপুর উপজেলার নির্বাহী অফিসারের কার্যালয়ে ১৪ জানুয়ারি, ২০২৬ থেকে মাসব্যাপী উক্ত খসড়া “স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান, রুরাল এরিয়া প্ল্যান এবং একশন এরিয়া প্ল্যান” এর উপর পিরোজপুর সদর, নেছারাবাদ ও নাজিরপুর উপজেলাবাসীর মতামত প্রদানের জন্য উন্মুক্ত থাকবে। সকলকে গণশুনানিতে অংশগ্রহণ করে মতামত দেয়ার অনুরোধ করা হলো।

খসড়া প্ল্যান বিষয়ে যে কোন প্রয়োজনে নিম্নোক্ত ইমেইলে যোগাযোগ করার অনুরোধ করা হল।

ইমেইলঃ pudp2025@gmail.com




২২.০১.২৬

(উদয় শংকর দাস)

প্রকল্প পরিচালক

“পিরোজপুর জেলার তিনটি উপজেলার (পিরোজপুর সদর, নেছারাবাদ ও নাজিরপুর উপজেলা) উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন (১ম সংশোধিত)” প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।